রঘুনাথগঞ্জ শাখায়

মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম

ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

**বিশেষ কনশেসন**

ধনরাজ পিপাড়া

রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে মাঘ বুধবার, ১৩৭৩ ইং 4th. Feb. 1967 { ৩৪শ সংখ্যা



সকল ঘরের তরে...

# দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. S.

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।



# খাস জনতা

কেরোসিন কুকার

বিপুলতা আবার।

দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ

৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

## খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম, সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন।

পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর

রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ

ষ্টুডেন্টস ফেভারিট

স্কুল, কলেজ ও পাঠাগারের

মনের মত ভাল বই

সবচেয়ে সুবিধায় কিনুন।

STUDENTS' FAVOURITE

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।



# জঙ্গিপুর সংবাদ

২৫শে মাঘ বুধবার সন ১৩৭৩ সাল।

## স্বামিজী স্মরণে

—•—

গত ১লা ফেব্রুয়ারী বুধবার "মিলনী" সাংস্কৃতিক সংঘের উদ্যোগে এক ভাবগম্ভীর পরিবেশে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর হলঘরে স্বামী বিবেকানন্দের জন্মোৎসব পালন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডাঃ অরুণকুমার দত্ত এবং প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন শ্রীগঙ্গাধর সিংহ রায়। বিবেকানন্দের বিভিন্ন দিক নিয়ে আলোচনায় এবং সঙ্গীতে অংশ গ্রহণ করেন সর্বশ্রী শম্ভু দাস, সত্য দাস, সমীর দাস, স্বপ্না মুখার্জী, স্বপ্না চক্রবর্ত্তী, তনুশ্রী রায়, কালীকিঙ্কর কর্মকার, বীরেন সাধু, তাপস সিংহ রায়, গোপাল রায়, সুনীল চক্রবর্ত্তী ও মানস রায়।

—

## পাঠাগারের দ্বারোদ্ঘাটন

—•—

গত ২৭শে জানুয়ারী শুক্রবার মুর্শিদাবাদ জেলার সমাজ-শিক্ষা-আধিকারিক শ্রীপ্রণবকুমার ভট্টাচার্য্য মহাশয়ের সভাপতিত্বে মির্জ্জাপুর শিবরাম স্মৃতি পাঠাগারের নবনির্ম্মিত গৃহের দ্বারোদ্ঘাটন হইয়াছে। রঘুনাথগঞ্জ ১নং উন্নয়ন সংস্থার আধিকারিক শ্রীদেবব্রত বসু ও রঘুনাথগঞ্জ ১নং আঞ্চলিক পরিষদের সভাপতি শ্রীদেবব্রত ঘোষাল মহাশয়দ্বয় যথাক্রমে প্রধান অতিথি ও বিশিষ্ট অতিথির আসন গ্রহণ করেন। সভায় মির্জ্জাপুরের ও পার্শ্ববর্ত্তী গ্রামসমূহের বহু নিমন্ত্রিত জনগণ যোগদান করেন। সভাশেষে সকলকে চা-পানে আপ্যায়িত করা হয়।

—

## আসন্ন নির্ব্বাচন

—•—

নিম্নের ভদ্রমহোদয়গণ জঙ্গিপুর লোকসভা ও জঙ্গিপুর মহকুমার চারিটী বিধান সভায় প্রার্থী হইয়াছেন :—

### জঙ্গিপুর লোকসভা

১। এম, এ, হান্নান, ২। ফতিয়ার আলি, ৩। জগন্নাথ গুপ্ত, ৪। কৃষ্ণকৃপাণ সাথিয়ার ৫। টি, এ, নুরন্নবী, ৬। হাজি লুৎফল হক (কং)

### বিধানসভা

ফরাক্কা :—বিশ্বাস মহম্মদ ওয়াসিফ আলি ( কং ), জোহাদ আহমেদ ( আই-ডি ), টি, এ, নুরন্নবী ( বাং কং ), মণ্ডল বিজয়কুমার।

সুতি : মহম্মদ সোহারাব ( কং ), শিস্ মহম্মদ ( আর-এস-পি )।

জঙ্গিপুর :—মুক্তিপদ চাটার্জ্জী ( কং ), আবদুল হক ( আর-এস-পি )।

সাগরদীঘি :—অম্বিকাচরণ দাস ( কং ), কুবেরচাঁদ হালদার ( বাং কং ), দ্বিজপদ সরকার

—

## পরলোকগমন

গত ১৭ই মাঘ মঙ্গলবার সেকন্দরা গ্রামের নবদ্বীপচন্দ্র দাস মহাশয় পরলোকগমন করিয়াছেন। তাঁহার বয়স ৯৮ বৎসর হইয়াছিল বলিয়া প্রকাশ।

গত ১৯শে মাঘ বৃহস্পতিবার বালিঘাটার ৺বিদগ্ধগোপাল দাস মহাশয়ের মাতা ঠাকুরাণী পরলোকগমন করিয়াছেন। তাঁহার বয়স ৮৮ বৎসর হইয়াছিল।

আমরা উভয়ের পরলোকগত আত্মার শান্তি কামনা করিতেছি।

—

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে**
**মুক্তহস্তে দান করুন**

## রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতা—১৯৬৭

স্বামী বিবেকানন্দের পুণ্যময় জন্মতিথিতে ১লা ফেব্রুয়ারী, ১৯৬৭ বুধবার বেলা এগারটার সময় স্থানীয় ফৌজদারী আদালত প্রাঙ্গণে রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া-প্রতিযোগিতা বিপুল উদ্দীপনা ও উৎসাহের সহিত সুসম্পন্ন হইয়াছে।

ফুলে ফুলে সারা প্যাণ্ডেলটি সুশোভিত ছিল। উক্ত অনুষ্ঠানে পৌরোহিত্য করিয়াছিলেন মাননীয় মহকুমা-শাসক শ্রীএন্, পি, বাগচী, আই-এ-এস মহাশয় এবং প্রধান অতিথি ছিলেন মাননীয় জঙ্গিপুর কলেজের অধ্যক্ষ শ্রীজগদানন্দ দত্ত মহাশয়। বিপুল জনসমাবেশের মধ্যে বিশেষ রীতি ও নীতিকে অনুসরণ করিয়া নিয়ম শৃঙ্খলার সহিত প্রতিযোগীরা নির্দ্দিষ্ট মাঠটি পরিক্রমণ করে। তারপর বর্ত্তমান কর্ম্মরতা প্রধানা শিক্ষিকা শ্রীজ্যোৎস্না বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক উচ্চারিত শপথ বাণীটি প্রতিযোগীরা প্রবল আগ্রহের সহিত পুনরাবৃত্তি করে এবং মহকুমা-শাসক মহাশয়কে একযোগে অভিবাদন জানায়। প্রতিটি খেলাধুলা দর্শকবৃন্দের উচ্চ প্রশংসা লাভ করে। বিশেষতঃ প্রতিযোগীদের বর্শা নিক্ষেপে শ্রীঅঞ্জনা পাল ( নবম শ্রেণী ) ও সাইকেল রেসে শ্রীনবনীতা বন্দ্যোপাধ্যায় সকলের প্রশংসা অর্জ্জন করিয়াছে। অন্ধ দৌড়ে শ্রীসুপ্রিয়া চক্রবর্ত্তী ( দশম শ্রেণী ) প্রথম স্থান অধিকার করে। "যেমন খুসী তেমন সাজ" প্রতিযোগিতায় শ্রীমল্লিকা দাস ( পরীক্ষার্থিনী ১৯৬৭ ) প্রথম স্থান অধিকার করে। কয়েকটি খেলাধুলায় শ্রীআলপনা চৌধুরী ( দশম শ্রেণী ) ও বীথিকা সরকার ( সপ্তম শ্রেণী ) বিশেষ দক্ষতা প্রদর্শন করে। শ্রীমতী সরকার পয়েন্টস্ বেশী পাইয়া চ্যাম্পিয়নের সুনাম অর্জ্জন করে। কর্ম্মরতা প্রধানা শিক্ষিকা কর্ত্তৃক উক্ত অনুষ্ঠানের ব্যবস্থাপনা ও পরিচালনা দর্শকবৃন্দের, সভাপতি মহকুমা-শাসক ও প্রধান অতিথি মহাশয়দ্বয়ের যথেষ্ট প্রশংসা লাভ করিয়াছে। উক্ত প্রতিষ্ঠানের প্রতিটি শিক্ষক, শিক্ষিকা ও মেয়েদের সহযোগিতা ও প্রভূত পরিশ্রম অনুষ্ঠানটিকে সুন্দর ও সুরুচিপূর্ণ করিয়া তুলিয়াছিল।

—

## বাণী চরণে

# হতাশের প্রার্থনা




## বিদ্যা ফিরে নে জননী তোর !

বিদ্যারম্ভ হ'ল যবে মোর,
হাতে খড়ি দিল গুরু ম'শাই।
তুই মা জননী, বিদ্যাদায়িনী,
তোর পূজা আমি করি মা তাই।

তোরই কৃপায় যশের সহিতে
চারিখানি পাশ পাইনু বেশ ;
ঘরে এসে দেখি আমারে পড়া'তে
বিষয় বিভব হয়েছে শেষ।

ছ'মাস না যেতে দেনা ভেবে ভেবে
পরলোকগত পিতৃদেব ;
এ দিকে যে আমি বিদ্যার চোটে
হইয়া পড়েছি হাফ-সাহেব।

দেনা ক'রে টাকা পাঠাতেন বাবা—
তাহাতে কিনেছি বিলাতী বুট ;
জমি বেচে বাবা পাঠাতেন টাকা
তাহাতে খেয়েছি চা, বিস্কুট।

দেনা দেখে আমি করি নাই ভয়,
মনে মনে মোর ছিল এ বোধ—
ছ'টি মাস যদি হাকিমী করি ত
সকল দেনাই করিব শোধ।

খোসামোদ করি ঘুরিয়া ঘুরিয়া
হাকিমীর নেশা ছুটিল মোর।
পাশ করিলেই হয় না হাকিম,
চাই এতে সুপারিশের জোর।

হিতাকাঙ্ক্ষী যত আত্মীয়স্বজন,
যুক্তি সকলে দিল আমায়—
পুলিশে ঢুকিলে হইবে আমার
হাকিমীর চেয়ে অধিক আয়।

এম-এ পাশ করি দারোগা হইব !
অদৃষ্টের ফের বাপরে বাপ !
আমি হ'নু রাজি, বিধাতা তো নয়,
দু' ইঞ্চি কম বুকের মাপ।

দিন দিন দিন আয়ু হ'ল ক্ষীণ—
বয়স পঁচিশ গত যে প্রায় !
সরকারী পোষ্ট আজ না পাইলে
জীবনে কি আর মিলিবে হায় ?

বিদ্যার গরম হইল ঠাণ্ডা,
ভাঙ্গিল আমার দাঁতের বিষ—
পঁচিশ মুদ্রা ভাতা নিয়ে হ'নু
কেরাণী-গিরির এপ্রেন্টিস্।

কিছুদিন পরে হইনু বাহাল
বেতন হইল পঞ্চাশৎ।
(i) আই এর ফুটকি (t) টীর মাথা কাটা
ভুল হইলেই কৈফিয়ৎ।

আফিসের যিনি বড় বাবু মোর,
দু'বেলা তাঁহারে মাথাই তেল।
তবু ভুল পেলে দেন টিটকারী—
'এম-এ পাশ করে এই আক্কেল ?'

সারাটী পৃথিবী দেখি অন্ধকার
সাহেব যখন করেন রাগ।
গোটা দুই টাকা উপরি পাইলে
ভাবি আমি আজ মেরেছি বাঘ।

নয়টা বাজিতে আপিশেতে ছুটি,
পেটে দিয়ে ছাই ভস্মটা,
চাবুকের চোটে ছু'টে চলে যথা
ছ্যাকড়া গাড়ীর অশ্বটা।

স্বাস্থ্য আমার গিয়াছে ভাঙ্গিয়া
হজম হয় না মুগের জুস্।
হজম হয় শুধু সাহেবের তাড়া,
আর টাকা সিকে যা' পাই ঘুস্।

চোর লুটে রাতে আমি লুটি দিনে
মোর চেয়ে ভাল ডাকাত চোর।
স্বাস্থ্য সারল্য ফিরে দে আমার
বিদ্যা ফিরে নে জননী তোর।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতায় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

সব রকমের মোটর গাড়ীর স্পেয়ার পার্টস পেতে হলে একবার জঙ্গীপুর রোড বার্মা শেল পেট্রোল পাম্প সন্নিকটবর্ত্তী

## চৌধুরী মোটরস্-এ

আসুন।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ
কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।
বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। প্রতিবার প্রতি সেণ্টিমিটার ১.০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।
ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।
শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)